

বাংলাদেশ নির্বাচন কমিশন
উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়
মঠবাড়ীয়া, পিরোজপুর।

নং ১৭.০৬.৭৯৫৮.০০০.৪১.০০১.২১-৪৪

তারিখঃ ০৭-০৩-২০২১ খ্রিঃ

বিষয়ঃ পিরোজপুর জেলার মঠবাড়ীয়া উপজেলার তুষখালী, মিরুখালী, বেতমোর রাজপাড়া, আমড়াগাছিয়া, সাপলেজা ও হলতাগুলিশাখালী ইউনিয়নের ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন-২০২১ উপলক্ষে ভোটগ্রহণকারী কর্মকর্তাসহ অন্যান্য কর্মকর্তাদের প্যানেল প্রস্তুতের নিমিত্তে কর্মকর্তা কর্মচারীদের নামের তালিকা প্রেরণ প্রসংগে।

সূত্রঃ ১৭.০০.০০০০.০৭৯.৪১.০০৫.২১-৮৬ তাং ০৪-০৩-২০২১ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে, পিরোজপুর জেলার মঠবাড়ীয়া উপজেলার তুষখালী, মিরুখালী, বেতমোর রাজপাড়া, আমড়াগাছিয়া, সাপলেজা, হলতাগুলিশাখালী ইউনিয়নের ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন-২০২১ উপলক্ষে প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার ও পোলিং অফিসারসহ অন্যান্য কর্মকর্তাদের প্যানেল প্রস্তুতির লক্ষ্যে আপনার নিয়ন্তানাদীন অফিস/সংস্থ/প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের নামের তালিকা নিম্নের “ছক” মোতাবেক আগামী ১১-০৩-২০২১ খ্রিঃ তারিখের মধ্যে সফটকপি ও হার্ডকপি Excel sheet এ এবং (NikoshBAN ফন্টে) এ কার্যালয়ে প্রেরণ করার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

“ছক”

ক্র. নং	কর্মকর্তা/কর্মচারীর নাম, পদবী, কর্মস্থল	জন্ম তারিখ	চাকুরীতে যোগদানের তারিখ	বেতন গ্রেড	বর্তমান মূল বেতন	স্থায়ী ঠিকানা (নিজ ইউনিয়ন/ পৌরসভা, উপজেলা ও জেলার নামসহ)	কর্মকর্তা/কর্মচারী কোন রাজনৈতিক দলের কর্মকর্তাদের সাথে জড়িত কিনা?	জাতীয় পরিচয়পত্র নম্বর ১৭ বা ১০ ডিজিট (নির্ভুল) (বাধ্যতামূলক)	মোবাইল নম্বর (নির্ভুল) (বাধ্যতামূলক)	আইসিটি/ কম্পিউটারে কোন অভিজ্ঞতা আছে কি না? (হ্যাঁ বা না)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১

- ১। চতুর্থ শ্রেণীর কর্মচারী, মাতৃত্বজনিত ছুটি ভোগরত, অবসরে গমন করবেন এমন কর্মকর্তা/কর্মচারীদের তথ্য প্রদানের প্রয়োজন নাই।
- ২। কোন কর্মকর্তা, কর্মচারী কোন রাজনৈতিক দলের কর্মকর্তাদের সাথে জড়িত থাকলে তা ৮নং কলামে “হ্যাঁ বা না” উল্লেখ করতে হবে।
- ৩। অফিস প্রধানের তথ্য ১নং ক্রমিক লিপিবদ্ধ করতঃ ক্রমানুসারে অন্যান্যদের তথ্য প্রদান করতে হবে।
- ৪। আইসিটি/কম্পিউটার সম্পর্কে অভিজ্ঞ কর্মকর্তা ও কর্মচারীদের নাম তালিকাভুক্তির ক্ষেত্রে অধিক গুরুত্ব দিতে হবে। তাছাড়া শারীরিক ও মানসিক ভাবে নির্বাচনী দায়িত্ব পালনে অক্ষম হলে তাদের নাম তালিকা ভুক্ত করার প্রয়োজন নেই।
- ৫। শিক্ষা অফিসের প্যানেল শিক্ষা অফিসে এবং মাধ্যমিক শিক্ষা অফিসের প্যানেল মাধ্যমিক শিক্ষা অফিসে প্রেরণ করতে হবে।
- ৬। ছক এর সফটকপি ueomathbaria@gmail.com এই ঠিকানায় প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হল।

প্রাপকঃ

(মোঃ নাজমুল হোসেন)

উপজেলা নির্বাচন অফিসার

মঠবাড়ীয়া, পিরোজপুর।

ফোনঃ ০৪৬২৫-৭৫০১৯

তারিখঃ ০৭-০৩-২০২১ খ্রিঃ

নং ১৭.০৬.৭৯৫৮.০০০.৪১.০০১.২১-৪৪

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ২। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, বরিশাল অঞ্চল, বরিশাল।
- ৩। জেলা প্রশাসক, পিরোজপুর।
- ৪। পুলিশ সুপার, পিরোজপুর।
- ৫। জেলা নির্বাচন অফিসার, পিরোজপুর।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, মঠবাড়ীয়া, পিরোজপুর।
- ৭। অফিসার ইনচার্জ, মঠবাড়ীয়া থানা, মঠবাড়ীয়া, পিরোজপুর।
- ৮। অফিস নথি

স্বাঃ

উপজেলা নির্বাচন অফিসার

মঠবাড়ীয়া, পিরোজপুর।